

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 17.10.2024**

**Time: 7.35 A.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) আর জি কর-এর আবহে নদীয়ার কৃষ্ণনগরে এক ছাত্রীর আধপোড়া, অর্ধনগ্ন দেহ উদ্ধারের ঘটনায় নিরাপত্তা ও আইনশৃঙ্খলাকে ফের প্রশ্ন চিহ্নের মুখে দাঁড় করিয়েছে।

এই নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপানোতর।

২) ১০ দফা দাবিতে ধর্মতলায় জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন আজ ১৩ দিনে পড়ল।

৩) বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে বাংলাদেশে নৌ বাহিনীর হাতে আটক ৩১ জন মৎস্যজীবী সহ দুটি ট্রলার।

৪) দীপাবলীর আগে কর্মচারীদের জন্য ৩ শতাংশ হারে মহার্ঘভাতা ঘোষণা করেছে কেন্দ্রীয় সরকার।

৫) পূর্ণিমা থাকায় আজও বাংলার ঘরে ঘরে কোজাগরী লক্ষ্মীপূজো অনুষ্ঠিত হচ্ছে।

---

আর জি কর-এর আবহে নদীয়ার কৃষ্ণনগরে পুলিশ সুপারের অফিসের খুব কাছ থেকে এক ছাত্রীর আধপোড়া, অর্ধনগ্ন দেহ উদ্ধারের ঘটনায় নিরাপত্তা ও আইনশৃঙ্খলাকে ফের প্রশ্ন চিহ্নের মুখে দাঁড় করিয়েছে। পরিবারের দাবি, ধর্ষন করে খুন করা হয়েছে

দ্বাদশ শ্রেনীর ওই পড়ুয়াকে। ঘটনার সিবিআই তদন্ত চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হবেন বলে জানিয়েছেন মৃতার মা। গতকাল সকালে ঘটনা প্রকাশ্যে আসার পর থেকেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশ আসল ঘটনা ধামাচাপা দিতে চাইছে বলে অভিযোগ করে কোতোয়ালি থানার সামনে বিক্ষোভ দেখান পরিবার-প্রতিবেশীরা। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ময়নাতদন্তের দাবিতে সরব হয় বাম ও কংগ্রেস।

এই ঘটনায় জড়িত সন্দেহে রাহুল বসু নামে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। আটক করা হয়েছে তার বাবা-মা-কেও। ছাত্রীর পরিবারের দাবি রাহুলের সঙ্গে মঙ্গলবার সন্ধ্যায় বাইরে যায় তাদের মেয়ে। এরপর থেকে ফোনে আর তাকে পাওয়া যায়নি। কল্যাণীর জে এন এম হাসপাতালে আজ দেহের ময়নাতদন্ত হবে।

এদিকে, বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় গতকাল কৃষ্ণনগর পুলিশ মরগে যান। তিনি পরিবারের সঙ্গেও কথা বলেন। সাংবাদিকদের কাছে পুলিশ নজ্রিয়তার অভিযোগ তোলেন তিনি।

(বাইট)

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও পরিবারের লোকজনের সঙ্গে কথা বলে সবারকম আইনি সহায়তার আশ্বাস দেন। পরে সাংবাদ মাধ্যমের কাছে তিনি বলেন, আগামী ১৯-শে অক্টোবর সকাল ১১-টা থেকে ১২-টা পর্যন্ত রাজ্যের প্রতিটি থানার সামনে বিক্ষোভ এবং প্রতিবাদ কর্মসূচী করবে কংগ্রেস।

(বাইট)

পুরুলিয়ার বরাবাজারের ফতেপুরে কুমারী নদীর চর থেকে এক যুবতীর রক্তাক্ত মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। আজ সকালে স্থানীয়রা বালির ওপর

রক্তের দা দেখতে পেয়ে থানায় খবর দেন। পুলিশ সেখানে গিয়ে বালি চাপা অবস্থায় ওই যুবতীর দেহ দেখতে পায়। তদন্ত শুরু হয়েছে।

এদিকে, দুই জেলার এই মর্মান্তিক ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন বিজেপির রাজ্য সভাপতি। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

-----

রাজ্যে ক্রমাগত নারী নির্যাতনের ঘটনায় বিজেপি কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের দাবি করেছে। দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার গতকাল নারী ও শিশু কল্যাণমন্ত্রী অন্নপূর্ণা দেবীকে চিঠি লিখে কৃষ্ণনগর এবং পুরুলিয়ার ঘটনার উল্লেখ করেছেন। পাশাপাশি চন্দননগরে লক্ষ্মীপ্রতিমা ভাঙার কথাও চিঠিতে জানিয়েছেন তিনি। সুকান্তবাবুর অভিযোগ, রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা হওয়া সত্ত্বেও নারী সুরক্ষায় কোন পদক্ষেপ নেওয়া হয়নি। তিনি অবিলম্বে এই সব ঘটনার উপযুক্ত তদন্ত এবং নির্যাতিতাদের পরিবারকে ন্যায় বিচার দিতে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য আর্জি জানিয়েছেন।

-----

১০ দফা দাবিতে ধর্মতলায় জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন আজ ১৩ দিনে পড়ল। বর্তমানে ধর্মতলায় ৭ জন এবং উত্তরবঙ্গ মেডিকেল কলেজে একজন চিকিৎসক অনশন করছেন। এঁরা হলেন, অর্ণব মুখোপাধ্যায়, সায়ন্তনী ঘোষ হাজরা, স্নিগ্ধা হাজরা পরিচয় পন্ডা, আলোলিকা ঘোড়াই, রুমেলিকা কুমার, স্পন্দন চৌধুরী এবং সন্দীপ মন্ডল। অনশন চলাকালীন অসুস্থ হয়ে বর্তমানে হাসপাতালে ভর্তি ৫ চিকিৎসক। একটানা অনশনে শারীরিকভাবে দুর্বল হয়ে পড়লেও মনোবলে কোনোভাবেই ভাটা পড়েনি তাঁদের। নিজেদের দাবিতে এখনও অনড় তাঁরা।

এদিকে, অনশনকারী চিকিতসকদের আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে এবং দুর্নীতি মুক্ত স্বাস্থ্য ব্যবস্থার দাবিতে গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘের তরফে গতকাল ধর্মতলায় রাখী বন্ধন পালন করা হয়।

অন্যদিকে, ন্যায় বিচার চেয়ে দিল্লীতে বঙ্গভবনের কাছে এইমস, রামমনোহর লোহিয়া হাসপাতালের ৫০ জন চিকিৎসক প্রতিবাদে সামিল হন। অনশনরত চিকিৎসকদের দাবি রাজ্য সরকার না মানলে দেশজুড়ে তীব্র আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছেন তারা।

এদিকে, আর জি করের জুনিয়ার ডাক্তারদের সমর্থনে ৩৬ ঘন্টার অনশনে বসেছেন লক্ষ্মীয়ের কিং জর্জ মেডিকেল কলেজের দুই চিকিৎসক।

-----

আরজি করে আর্থিক দুর্নীতি মামলায় তদন্তের আওতায় থাকা ব্যক্তিদের নামের তালিকা রাজ্যকে পাঠিয়েছে সিবিআই। সিবিআইয়ের দুর্নীতি দমন শাখার DIG-র, স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগমকে লেখা চিঠিতে অ্যানেশ্বেশিয়া বিভাগের অধ্যাপক-চিকিৎসক সুজাতা ঘোষ এবং ফরেসিক বিভাগের ডেমনস্ট্রেটর দেবাশিস সোম ছাড়া আরও বেশ কয়েকজনের নাম রয়েছে। চিকিৎসা সরঞ্জাম ক্রয়, হাউস স্টাফ বাছাই-সহ একাধিক ক্ষেত্রে এই দু'জনের সক্রিয় যোগ পাওয়া গিয়েছে বলে দাবি সিবিআইয়ের। একইসঙ্গে হুমকি সংস্কৃতির সঙ্গে যুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্যে স্বাস্থ্য দপ্তরকে বলেছে কেন্দ্রীয় তদন্ত সংস্থা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টে গত ৩০ সেপ্টেম্বরের শুনানিতে সিনিয়র ডাক্তারদের আইনজীবী করুণা নন্দী জানিয়েছিলেন, আর্থিক দুর্নীতিতে অভিযুক্তরা এখনও নিজের পদে

বহাল রয়েছে। উত্তরে রাজ্য জানিয়েছিল, সিবিআই সেবিষয়ে তথ্য দিলে ব্যবস্থা নেওয়া হবে। তার প্রেক্ষিতেই এই চিঠি।

---

বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে বাংলাদেশে নৌ বাহিনীর হাতে আটক ৩১ জন মৎস্যজীবী সহ দুটি ট্রলার। গত ১১ তারিখ এফবি বাসন্তী এবং এফবি জয় জগন্নাথ নামে ট্রলার দুটি নামখানা ঘাট থেকে মাছ ধরার উদ্দেশে রওনা দেয়। বর্তমানে বাংলাদেশের জল সীমানায় মাছ ধরার ওপর নিষেধাজ্ঞা থাকলেও উপকূল রক্ষা বাহিনীর নজর এড়িয়ে ট্রলার দুটি গত সোমবার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক জল সীমা পার করে সেদেশে ঢুকে পড়েছিল বলে খবর। এরপরই বাংলাদেশ থেকে নৌবাহিনীর একটি জাহাজ গভীর সমুদ্রে ধাওয়া করে ট্রলার দুটিকে আটক করে। গত সন্ধ্যায় ঘটনার খবর পৌঁছানোর পর থেকেই কাকদ্বীপের বাসিন্দা ঐ মৎস্যজীবীদের পরিবার উদ্বিগ্ন। ইতোমধ্যেই কাকদ্বীপ মৎস্যজীবী সংগঠনের পক্ষ থেকে বাংলাদেশের মৎস্যজীবী সংগঠনের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। আটকদের ফিরিয়ে আনতে দক্ষিণ ২৪ পরগণা জেলা প্রশাসন, রাজ্য সরকারের কাছে আবেদন করেছে।

---

জলপথে পণ্য পরিবহণ বাড়ানোর লক্ষ্যে রাজ্য সরকার, বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় মাস্টার প্ল্যান তৈরির কাজে হাত দিয়েছে। ২০৫০ সালে রাজ্যের জনসংখ্যা বৃদ্ধির সম্ভাব্য পরিমাণের সঙ্গে সাযুজ্য রেখেই কলকাতা মহানগরীর জলপথ পরিবহণকে আরও আধুনিক করার পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতর ও পরিবহণ দফতর যৌথভাবে পরিকল্পনা রূপায়ণ করবে। পরিকাঠামো তৈরি ও উন্নয়নে আনুমানিক খরচের সম্ভাব্য উৎস সংক্রান্ত রূপরেখাও থাকবে মাস্টার প্লানে থাকবে।

অন্যদিকে, স্থলপথে দূষণ কমাতে ব্যাটারি, বায়ো ডিজেল ও বিদ্যুৎ চালিত গাড়ির ব্যবহার বাড়ানোর পরিকল্পনা, কলকাতা বন্দরকে কাজে লাগিয়ে পণ্য পরিবহণ বাড়ানোর রূপরেখার ওপরেও আলোকপাত করা হবে বলে পরিবহণ দফতর সূত্রে জানা গেছে।

-----

ঘূর্ণিঝড় সহ যেকোনো প্রাকৃতিক দুর্ঘটনের সময় নজরদারি চালাতে দক্ষিণ ২৪ পরগণার নদী ও সমুদ্র উপকূলবর্তী এলাকায় ৩০ টি উচ্চ ক্ষমতা সম্পন্ন ক্যামেরা বসানো হয়েছে। বিপর্যয়ের সময় যাতে দ্রুত ব্যবস্থা নেওয়া যায়, সেই জন্যই এই উদ্যোগ। দু বছর আগে পরীক্ষামূলকভাবে কাকদ্বীপ ও সাগরের বেশ কয়েকটি জায়গায় ৫ টি ক্যামেরা বসানো হয়েছিল। এরফলে মোকা এবং রেমাল ঘূর্ণিঝড়ের সময় ত্রাণ ও উদ্ধারকাজে অনেকটাই সুবিধা হওয়ায় আরও বেশি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত। নামখানা, কাকদ্বীপ, সাগর, গোসাবা কুলতলী সহ সুন্দরবনের ৮ টি ব্লকের বাছাই করা কিছু গুরুত্বপূর্ণ জায়গায় ক্যামেরাগুলি বসানো হয়েছে।

-----

দীপাবলীর আগে কর্মচারীদের জন্য ৩ শতাংশ হারে মহার্ঘভাতা ঘোষণা করেছে কেন্দ্রীয় সরকার। এর ফলে কেন্দ্রীয় সরকারী কর্মচারীরা এখন ৫৩ শতাংশ হারে ডিএ পাবেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণে জানিয়েছেন, মহার্ঘভাতা বৃদ্ধির ফলে মোট ৪৯ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং ৬৪ লক্ষ পেনশনভোগী উপকৃত হবেন। এর ফলে রাজ্য সরকারী কর্মচারীদের সঙ্গে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের ডিএ-র পার্থক্য বেড়ে ৩৯ শতাংশ হল। পয়লা জুলাই থেকে এই বর্ধিত মহার্ঘভাতা কার্যকর হবে।

কেন্দ্রীয় সরকার কর্মীদের জন্য আরও ৩ শতাংশ হারে মহার্ঘভাতা ঘোষণা করায় রাজ্য সরকারী কর্মচারীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা গেছে।

রাজ্য কোঅর্ডিনেশন কমিটিটির সাধারণ সম্পাদক বিশ্বজিত্ গুপ্ত চৌধুরী আকাশবাণীকে একান্ত সাক্ষাৎকারে জানিয়েছেন, রাজ্য সরকারী কর্মচারীরা বারবারই বঞ্চনার শিকার হচ্ছে।

### বাইট বিশ্বজিত্

সংগ্রামী যৌথ মঞ্চের যুগ্ম আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেছেন, রাজ্য সরকারের বঞ্চনার বিরুদ্ধে সব মানুষকে সঙ্গে নিয়ে তারা পথে নামবেন।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা কেন্দ্রীয় হারে ডি এ প্রদানের দাবিতে তীব্র আন্দোলনে নামার আহ্বান জানিয়েছেন।

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক সুভাষিষ দাস অবিলম্বে রাজ্য সরকারের কাছে বকেয়া ডি এ মেটানোর এবং ৫৩ শতাংশ হারে মহার্ঘ্যভাতা দেওয়ার দাবি জানান।

-----

পূর্ণিমা থাকায় আজও বাংলার ঘরে ঘরে কোজাগরী লক্ষ্মীপূজো অনুষ্ঠিত হচ্ছে। গতকাল সন্ধ্যের পর পূর্ণিমা তিথি পড়ায় অনেক বাড়িতেই গভীর রাত পর্যন্ত পূজো চলে। সন্ধ্যে নামতেই আল্পনায় সেজে ওঠে গৃহস্থ বাড়ির উঠোন। আজ বিকেল ৫ টা ১৭ মিনিট পর্যন্ত পূর্ণিমা তিথি থাকছে। যদিও পঞ্জিকা ভেদে সময়ের সামান্য কিছু রদবদল ঘটছে।

বিভিন্ন বারোয়ারি পূজোগুলিতেও চলে লক্ষ্মীর আরাধনা। লক্ষ্মীগ্রাম বলে খ্যাত হাওড়ার খালনার পূজো দেখতে ভিড় জমান বহু দর্শনার্থী। ক্ষুদিরাম তলার কোহিনুর ক্লাবের পূজো এবার ১৫৮ বছরে পড়ল। এবছর মণ্ডপ তৈরি হয়েছে সমুদ্রের তলদেশের আদলে।

অন্যদিকে, খালনা কৃষ্ণরায়তলা বারোয়ারির লক্ষ্মীপুজো এই বছর ১২৪ বছরে পড়েছে।

নদীয়ার চাকদহের দড়াবপুর গ্রামের লক্ষ্মীপুজো সকলের নজর কেড়েছে। পুজোকে কেন্দ্র করে বসেছে সাতদিন ব্যাপী বিরাট মেলা। তেহট্টের কুষ্টিয়া এলাকাতেও বেশ কিছু পুজো মন্ডপের থিম, প্যান্ডেল ও আলোকসজ্জা বেশ আকর্ষণীয়।

-----

ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়েন্ট এর মধ্যে আইএসএলে কলকাতা ডার্বি ম্যাচ আগামী শনিবার যুবভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত হবে। ম্যাচের আয়োজক ইস্টবেঙ্গল। ফিরতি ডার্বি হবে ১১ ই জানুয়ারী। এই ম্যাচের আয়োজক মোহনবাগান।

-----